



শেখ হাসিনার সর্বোচ্চ শাস্তি চায় প্রসিকিউশন: চিফ প্রসিকিউটর



সংগৃহীত ছবি

চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম বলেন, একটি হত্যার জন্য একবার মৃত্যুদণ্ড যথেষ্ট, কিন্তু শেখ হাসিনার ক্ষেত্রে এটি ১৪০০ বার হওয়া উচিত ছিল। প্রসিকিউশন ইতিমধ্যেই সর্বোচ্চ শাস্তি ও আসামিদের সম্পদ বিক্রি করে ভুক্তভোগীদের ক্ষতিপূরণ দেয়ার প্রস্তাব করেছে।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) এক ব্রিফিংয়ে চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম জানান, শেখ হাসিনা হেলিকপ্টার ব্যবহার করে গুলি ও বোম্বিংয়ের নির্দেশ দিয়েছেন। আহতদের হাসপাতালে চিকিৎসা না দেওয়ার কথাও যুক্তিতর্কে তুলে ধরা হয়েছে।

তিনি আরও উল্লেখ করেন, ভারতে থাকলেও শেখ হাসিনা আন্দোলনকারীদের হত্যার হুমকি দিচ্ছেন। “পৃথিবীর যেকোনো আদালতে এই প্রমাণ স্বীকৃত হলে সর্বোচ্চ শাস্তিই হবে। সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল মামুন রাজসাক্ষী হয়েছেন, তার বিষয়ে ট্রাইব্যুনাল সিদ্ধান্ত নেবে,” বলেন তিনি।

এর আগে প্রসিকিউশন যুক্তিতর্কে শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের সর্বোচ্চ সাজা চেয়েছে। এছাড়া আসামিদের সম্পদ বিক্রি করে ভুক্তভোগীদের ক্ষতিপূরণ দেয়ার আবেদনও করা হয়েছে।

আসামিদের রাষ্ট্রনিযুক্ত আইনজীবী আগামী সোমবার (২০ অক্টোবর) যুক্তি খণ্ডন করবেন। এরপর প্রসিকিউশন পুনরায় যুক্তি উপস্থাপন করবে। সব প্রক্রিয়া শেষে মামলাটি রায়ের দিকে যাবে।